



মে দিবসে নয়াপল্টনে বড় সমাবেশ, প্রধান অতিথি তারেক রহমান



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

রাজধানীর নয়াপল্টনে মহান মে দিবস উপলক্ষে বড় পরিসরের শ্রমিক সমাবেশের আয়োজন করছে বিএনপি। এই সমাবেশে প্রথমবারের মতো বক্তব্য রাখবেন দলের চেয়ারম্যান তারেক রহমান—এমন তথ্য জানিয়েছে দলটি।

বৃহস্পতিবার বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান জানান, বাংলাদেশ জাতীয়তাবাদী শ্রমিক দলের উদ্যোগে আয়োজিত এ সমাবেশে প্রধান অতিথি থাকবেন তারেক রহমান। এছাড়া দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ শীর্ষস্থানীয় নেতারাও বক্তব্য দেবেন।

তিনি বলেন, চলমান অর্থনৈতিক ও শ্রমবাজারের প্রেক্ষাপটে এবারের মে দিবস বিশেষ গুরুত্ব বহন করছে। দীর্ঘদিন জাতীয় বেতন কাঠামো ঘোষণা না হওয়া, আউটসোর্সিংয়ের মাধ্যমে নিয়োগ বৃদ্ধি, কর্মসংস্থানের সুযোগ কমে যাওয়া এবং শিক্ষিত বেকারত্ব বৃদ্ধির মতো বিষয়গুলো শ্রমজীবী মানুষের জন্য বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে।

নজরুল ইসলাম খান অভিযোগ করেন, সরকারি বিভিন্ন পদ বিলুপ্ত করে আউটসোর্সিং নির্ভর নিয়োগ বাড়ানোর ফলে শ্রমবাজার সংকুচিত হয়েছে। পাশাপাশি পাটসহ রপ্তানিমুখী খাত ক্ষতিগ্রস্ত হয়েছে এবং দেশীয় শিল্পের বদলে আমদানি নির্ভরতা বেড়েছে।

সমাবেশ থেকে শ্রমিকদের অধিকার নিশ্চিত করতে অবাধ ট্রেড ইউনিয়ন গঠন, নিরাপদ কর্মপরিবেশ, শোভন কাজের পরিবেশ এবং রেশনিং ব্যবস্থা চালুর মতো দাবি উত্থাপন করা হবে বলেও জানান তিনি।

বিএনপি এই সমাবেশে ব্যাপক জনসমাগমের আশা করছে। দলটির মতে, বিপুলসংখ্যক শ্রমজীবী মানুষ স্বতঃস্ফূর্তভাবে অংশ নেবেন।

এদিকে সংবাদ সম্মেলনে দলের জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেন, শ্রমিকদের ন্যূনতম মজুরি পুনর্নির্ধারণে জাতীয় নিম্নতম মজুরি বোর্ডকে আরও কার্যকর করার দাবি জানানো হবে। পাশাপাশি শ্রমজীবী মানুষের সমস্যাগুলো সমাধানে প্রয়োজনীয় আইন ও নীতিমালা প্রণয়নের ওপর গুরুত্ব দেওয়া হবে।

সমাবেশ সফল করতে গণমাধ্যমসহ সংশ্লিষ্ট সবার সহযোগিতাও কামনা করেন শ্রমিক দলের নেতারা।